আজকের কাগজ

তারিখ ... 15 JUN 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ৭ ...

০১

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে এসে ২ ভুয়া ছাত্র শ্রীঘরে

চট্টগ্রাম অফিস ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বিবিএ ভর্তি হতে এসে ২ জন ছাত্র শ্রীঘরে গেছে। এরা হলো সাদেকুর রহমান, পিতা ছায়েদ আলী, পাঁচপুকুরিয়া, বাতাইছুরি, বরুড়া, কুমিল্লা। অপরজন আলীম উদ্দিন, পিতা আব্দুল শুকুর, মুহাম্মদপুর, হাটহাজারী, চট্টগ্রাম। এ দু'জন ছাত্রের হাতের লেখার সঙ্গে তাদের খাতার লেখার সঙ্গে অমিল হলে তাদেরকে সন্দেহ করা হয়। পরে জিজ্ঞাসাবাদে এ দু'জন স্বীকার করেছে তাদের হয়ে অন্যরা পরীক্ষা দিয়েছে। উল্লেখ্য, এবার বিবিএ পরীক্ষায় সর্বোচ্চ নম্বর উঠেছিলো ৬২। এতে ভুয়া ছাত্র সাদেক আলী ৫৩ নম্বর এবং আলীম উদ্দিন পেয়েছে ৫৫ নম্বর। তাদেরকে হাটহাজারী থানায় সোপর্দ করা হয়েছে।